

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৯১৮

আগরতলা, ২১ ফেব্রুয়ারি, ২০২৪

মুখ্যমন্ত্রী ত্রাণ তহবিলে দান



শচীন দেববর্মণ স্মৃতি সন্মান প্রাপক তথা অবসরপ্রাপ্ত শিক্ষিকা কাবেরী মজুমদার গুপ্তা মুখ্যমন্ত্রী ত্রাণ তহবিলে ৫০ হাজার টাকা দান করেছেন। তিনি আজ মুখ্যমন্ত্রীর সরকারি বাসভবনে আয়োজিত মুখ্যমন্ত্রী সমীপেষু কর্মসূচিতে এসে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডাঃ) মানিক সাহার হাতে ৫০ হাজার টাকার চেক তুলে দেন। কাবেরী মজুমদার গুপ্তার এই উদ্যোগের জন্য মুখ্যমন্ত্রী তাকে আন্তরিক ধন্যবাদ জানান।
